

তারিখ ... ..  
পৃষ্ঠা ... ..

## ১০৫১টির মধ্যে ৪৪০টি কলেজে শূন্য থেকে ২৫ ভাগ ডিগ্রী পরীক্ষার্থী পাস

### জনকণ্ঠ রিপোর্ট

দেশের প্রায় অর্ধেক ডিগ্রী কলেজই নাম ও সাইনবোর্ডসর্ব্বই শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। শিক্ষক, ভবন, সরকারী অনুদানসহ সবকিছু থাকলেও এসব কলেজের কোন অডিটপুট

### গ্যাজুয়েট লেভেলে পড়াশোনার করুণ হাল

নেই। নামকাওয়াজে কয়েকজন শিক্ষার্থী থাকলেও তারা কোনমতে পাসের তালিকায় ঠাই পায় না। জাতীয় (২- পৃষ্ঠা ২-৩৪ কঃ দেবুল)

## ১০৫১টির মধ্যে (এখন গতবার পর)

বিশ্ববিদ্যালয়ের হিসাব অনুযায়ী দেশের মোট ১০৫১টি কলেজের মধ্যে এ বছর ৪৪০টি কলেজে শূন্য থেকে ২৫ ভাগ ডিগ্রী পরীক্ষার্থী পাস করেছে। একজন পরীক্ষার্থীও পাস করতে পারেনি এমন কলেজের সংখ্যা ৩৫টি। আর একজন থেকে ৩০জন ছাত্র আছে এমন ডিগ্রী কলেজের সংখ্যা ১৯০টি। জাতীয় বিশ্ববিদ্যালয় এ ধরনের কলেজ নামধারী সাইনবোর্ডসর্ব্বই প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয়ে একটি সারসংক্ষেপ পাঠিয়েছে। বিশ্ববিদ্যালয়ের আগামী একাডেমিক কাউন্সিলের সভায় ডিগ্রী শিক্ষার এই দৈন্যদশা এবং তা থেকে উত্তরণের উপায় নিয়ে আলোচনা হবে।

জানা যায়, সদ্য প্রকাশিত ডিগ্রী পরীক্ষার ফলে গ্যাজুয়েট লেভেলের পড়াশোনার করুণ হাল ফুটে উঠেছে। ইংরেজীতে ৬ নম্বর মেন্স দিয়ে পাস করানো হয়েছে

শতকরা ৩৫ ভাগ ছাত্রছাত্রীকে। দেশের ডিগ্রী কলেজগুলোর যে হাল তাতে খোস জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিব্রত, হতাশ। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে রেজাল্টের পর এক বিশ্লেষণে দেখা গেছে, দেশে যে সংখ্যক কলেজ রয়েছে তার অর্ধেকই নামসর্ব্বই এবং এসব প্রতিষ্ঠান শিক্ষার বিকাশে কোন ভূমিকাই রাখছে না। বরং প্রতিষ্ঠানগুলোর পিছনে বছরে সরকারের কোটি কোটি টাকা ভগচয় হচ্ছে।

ইন্টারমিডিয়েট লেভেলে শতকরা ৫০ ভাগ পরীক্ষার্থী পাস না করলে শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি বাতিল করার নিয়ম রয়েছে। আর ডিগ্রী লেভেলে দেখা যাচ্ছে শতকরা ২৫ ভাগ পর্যন্ত ছাত্র পাস করেছে এমন প্রতিষ্ঠানের সংখ্যাই ৪৪০টি। শিক্ষা মন্ত্রণালয়ের এক কর্মকর্তা বলেন, এসব শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া জরুরী। তাই শিক্ষা মন্ত্রণালয়ের অধিকারের জন্য একটি সারসংক্ষেপ বিশ্ববিদ্যালয় থেকে পাঠানো হয়েছে। মন্ত্রণালয়ের সঙ্গে পরামর্শ করে বিশ্ববিদ্যালয় সিদ্ধান্ত নেবে এ ধরনের নামসর্ব্বই প্রতিষ্ঠান থাকবে না এতলোর ব্যাপারে ভিন্ন কোন সিদ্ধান্ত নেয়া হবে।

বিশ্ববিদ্যালয়ের নিজস্ব হিসাবে দেখা যায়, দেশে ডিগ্রী কলেজের সংখ্যা মোট ১০৫১টি। এর মধ্যে ডিগ্রী পরীক্ষার ফলে দেখা গেছে একজন পরীক্ষার্থীও পাস করেনি এমন কলেজের সংখ্যা ৩৫টি। দুইজন পর্যন্ত ছাত্র পাস করেছে এমন কলেজ আছে ৭টি, দুই ভাগ পাস করেছে এমন কলেজ ৮টি, তিন ভাগ পাস করেছে এমন কলেজ ১১টি এবং চার ভাগ পাস করেছে এমন কলেজ ১৯টি। বিশ্লেষণে দেখা গেছে শূন্য থেকে ২৫ ভাগ পর্যন্ত পাস করেছে এমন কলেজের সংখ্যা ৪৪০টি। আর দেশে পাঁচটি কলেজ রয়েছে যেগুলোতে ছাত্র রয়েছে একজন করে। দুইজন করে ছাত্র রয়েছে এমন কলেজের সংখ্যা ৭টি। যে কলেজে একজন ছাত্র এবং একজনই পাস করেছে সে কলেজের পাসের হার শতকরা একশ ভাগ ধরা হয়েছে। দেশে এ ধরনের কলেজের সংখ্যাও রয়েছে বেশ কয়েকটি।